বাংলা

# শুদ্ধ বানান ও উচ্চারণ

# শুদ্ধ বানান ও উচ্চারণ

## বাংলা বানানের নিয়ম

**১. সকল প্রাদেশিক ও বিদেশি শব্দে ঈ-কার না বসে ই-কার বসে।**
যেমনঃ শুমারি, আমদানি, খানদানি, খুশকি, খুশি, বন্দি, জংগি, জমি, জরি, জামদানি, জিনজির, জিন্দাবাদ, জিন্দেগি, দরজি, দাগি, বিরিয়ানি, মুরগি, আবির, আমিন, আসামি, গরিব, কেরানি, দাদি, নানি, চাচি, ফুপি, মাসি, ভাবি, কাহিনি, কোম্পানি, জানুয়ারি, সেনচুরি, চৌধুরি, লুংগি।

**২. বিদেশি শব্দে ঙ/ছ/ জ্ঞ/ঞ্চ/ণ/ণ্ট/ঙ /ষ্ট না বসে ং/স/শ/ই/ নজ/ নচ/ন/ ন্ট/ন্ড/স্ট বসে।**
যেমনঃ লুংগি, ডেংগু, ব্যাংক, স্যাম, ইনজিন, সেনচুরি, স্টার্ন, এন্ড, ঝাণ্ড/ ঝান্ডা, লণ্ঠন, স্কুল, খ্রিস্টার্ন, স্টল, স্টেশন, স্টোর।

**৩. ক্রিয়া, সংখ্যাবাচক, বিদেশি, প্রাদেশিক ও তদ্ভব শব্দে সব সময় ই-কার বসে।**
যেমনঃ আসুন, বসুন, করুন, শুনুন, হাসুন, বসুন, বাসুন, কাঁদুন, ভাবুন, দুই, কুড়ি, একুশ, চুয়ান্ন, চুয়াত্তর, চুরাশি, চুরানব্বই, নুন, রজু, রুহু, মুলো, তুলো, সুয্যি, ধুলো।

**৪. বিশেষ্য পদের শেষ বর্ণে ঈ-কার যোগ করলে বিশেষণ পদ তৈরি হয়। যেমনঃ**

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|---|---|
| উৎসাহ | উৎসাহী | ক্রোধ | ক্রোধী | ত্যাগ | ত্যাগী |
| ধন | ধনী | ভোগ | ভোগী | ঋণ | ঋণী |
| গৃহ | গৃহী | বিনয় | বিনয়ী | মুখ | মুখী |
| লোভ | লাভী | সাবলম্ব | সাবলম্বী | জীব | জীবি |
| দুঃখ | দুঃখী | পাপ | পাপী | রাগ | রাগী |
| বিনয় | বিনয়ী | বিরোধ | বিরোধী | শরীর | শরীরী |

**৫। কোনো শব্দের শেষে যদি ঈ-কার থাকে আর শব্দটি যদি '-ইন'-ভাগান্ত হয় এবং তার পরে যদি ত্ব/তা/নি/ সভা/পরিষদ/ভাব/ ভাবে/তত্ত্ব/ বিদ্যা/জগৎ বাচক ইত্যাদি যোগ করা হয় বা থাকে তা হলে ওই শব্দের শেষের দীর্ঘ ঈ-কার হ্রস্ব ই-কার হয়ে যাবে।**
(একই উপায়ে কোনো শব্দ থেকে ত্ব/তত্ত্ব ইত্যাদি উল্লিখিত কথাগুলো বাদ গেলে হ্রস্ব ই-কার দীর্ঘ ঈ-কার হয়ে যাবে।)
যেমনঃ

| | ি + ত্ব |
|---|---|
| অধিকারী | অধিকারিত্ব |
| একাকী | একাকিত্ব |
| কৃতী | কৃতিত্ব |
| দায়ী | দায়িত্ব |
| স্থায়ী | স্থায়িত্ব |

| | ি + তা |
|---|---|
| উপকারী | উপকারিতা |
| পারদর্শী | পারদর্শিতা |
| প্রতিদ্বন্দ্বী | প্রতিদ্বন্দ্বিতা |
| প্রতিযোগী | প্রতিযোগিতা |
| মনোযোগী | মনোযোগিতা |
| সহগামী | সহগামিতা |

| | ি + ইনী |
|---|---|
| বিলাসী | বিলাসিনী |
| মানী | মানিনী |
| মায়াবী | মায়াবিনী |
| সত্যবাদী | সত্যবাদিনী |
| সহধর্মী | সহধর্মিণী |
| সহপাঠী | সহপাঠিনী |

| | ি + ইনী |
|---|---|
| অধিকারী | অধিকারিণী |
| অধিবাসী | অধিবাসিনী |
| অপরাধী | অপরাধিনী |
| অভিমানী | অভিমানিনী |
| আরোহী | আরোহিণী |
| দুঃখী | দুঃখিনী |

| | ি+ সভা/ পরিষদ/ ভাব/ ভাবে/ তত্ত্ব/ বিদ্যা/ জগৎ/ বাচক |
|---|---|
| প্রাণী | প্রাণিজ, প্রাণিজগৎ, প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ, প্রাণিবিদ্যা, প্রাণিবিজ্ঞান |
| পক্ষী | পক্ষিকুল, পক্ষিপালন, পক্ষিসাবক, পক্ষিরাজ |
| পরীক্ষার্থী | পরীক্ষার্থিগণ, পরীক্ষার্থিবৃন্দ |
| মন্ত্রী | মন্ত্রিদপ্তর, মন্ত্রিপরিষদ, মন্ত্রিসভা |
| স্থায়ী | স্থায়িকাল, স্থায়িত্ব, স্থায়িভাবে |
| হস্তী | হস্তিদনত, হস্তিমূর্খ, হস্তিশালা |

কিন্তু শব্দটি যদি '-ইন'ভাগান্ত না হয়, তবে এ-নিয়ম খাটে না। এজন্যই লিখতে হবে নারীত্ব, গোপীনাথ, ধবলীকৃত ইত্যাদি।

**৬। যে-কোনো দেশ ভাষাও জাতির নাম লিখতে ই-কার (ি) হবে।**
যেমনঃ

| | |
|---|---|
| দেশ | আমেরিকা, গ্রিস, জার্মানি, ইতালি। |
| ভাষা | আরবি, হিন্দি, ফারসি, ইংরেজি। |
| জাতি | পর্তুগিজ, তুর্কি, বিহারি, বাঙালি। |

অপ্রাণিবাচক শব্দ ও ইতরপ্রানীবাচক অ-ততসম শব্দের শেষে ই-কার হবে।
যেমনঃ বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি, পাখি, হাতি, মুরগি, চড়ুই ইত্যাদি।

**৭. শব্দের শেষে -ঈয়/ অনীয় প্রত্যয় যুক্ত হলে শব্দের শেষাংশে দীর্ঘ ঈ - কার থাকবে।**
এ জাতীয় শব্দও বিশেষণ। যেমনঃ

| | | | | |
|---|---|---|---|---|
| আত্ম > আত্মীয় | করণ > করণীয় | কেন্দ্র > কেন্দ্রীয় | গোত্র > গোত্রীয় | জল > জলীয় |
| জাতি > জাতীয় | দর্শন > দর্শনীয় | দল > দলীয় | ধর্ম > ধর্মীয় | নাটক > নাটকীয় |
| পক্ষ > পক্ষীয় | পালন > পালনীয় | পূজা > পূজনীয় | মানব > মানবীয় | রাষ্ট্র > রাষ্ট্রীয় |
| লক্ষণ > লক্ষণীয় | শারদ > শারদীয় | শাস্ত্র > শাস্ত্রীয় | শ্রবণ > শ্রবণীয় | স্বর্গ > স্বর্গীয় |

**৮. শব্দের শেষে -ইক (সংস্কৃতে ষ্ণিক) প্রত্যয় যুক্ত হলে বানানে পরিবর্তন আসে। যেমনঃ**

| | | | |
|---|---|---|---|
| অক্ষর > আক্ষরিক | অন্তর > আন্তরিক | অর্থ > আর্থিক | গণিত > গাণিতিক |
| প্রবাস > প্রাবাসিক | প্রমাণ > প্রামাণিক | প্রয়োগ > প্রায়োগিক | প্রথম > প্রাথমিক |
| তর্ক > তার্কিক | দর্শন > দার্শনিক | ধর্ম > ধার্মিক | পক্ষ > পাক্ষিক |
| বচন > বাচনিক | বর্ষ > বার্ষিক | ব্যবহার > ব্যবহারিক | মধ্যম > মাধ্যমিক |
| সংবাদ > সাংবাদিক | সংসার > সাংসারিক | সময় > সাময়িক | সমুদ্র > সামুদ্রিক |
| শাস্ত্র > শাস্ত্রিক | সপ্তাহ > সাপ্তাহিক | সমূহ > সামূহিক | স্বভাব > স্বাভাবিক |
| পরিশ্রম > পারিশ্রমিক | প্রতিষ্ঠান > প্রাতিষ্ঠানিক | সংগঠন > সাংগঠনিক | পরলোক >পারলৌকিক |
| প্রদেশ > প্রাদেশিক | তন্ত্র > তান্ত্রিক | প্রকৃত > প্রাকৃতিক | শরীর > শারীরিক |
| পরিবার > পারিবারিক | পরিভাষা > পারিভাষিক | শব্দ > শাব্দিক | |

**৯. দূ বানান যেখানে হবে সেখানে - দূর, দূরত্ববিষয়ক একটা ধারণা বা চিন্তা থাকতেই হবে, নইলে দূ বসবে না।**
যেমনঃ দূর, দূরত্ব, দূরগামী ট্রেন, দূরদর্শী লোক, দূরপাল্লা, দূরপ্রাচ্য, দূরবর্তী, দূরবীক্ষণ, দূরাগত ধ্বনি।
ব্যতিক্রমঃ দূত, দূর্বা, দূষিত ইত্যাদি শব্দের দূ-এ উল্লিখিত নিয়ম খাটছে না।

**১০. দূরত্ব না বোঝালে দুর/দুঃ হবে।**
যেমনঃ দুঃশাসন, দুঃসময়, দুঃসহ, দুঃসাধ্য, দুঃসাহস, দুরদৃষ্ট, দুরপনেয়, দুরবস্থা, দুরভিসন্ধি,.দুরাত্মা, দুরন্ত, দুরারোগ্য, দুরাশা, দুরুচ্চার্য, দুরুহ, দুর্গন্ধ, দুর্ঘটনা, দুর্জন, দুর্দিন, দুর্নাম, দুর্নিবার, দুর্নীতি, দুর্বল, দুর্বিনীত, দুর্বিষহ, দুর্বুদ্ধি, দুর্ব্যবহার, দূর্ভাবনা, দুর্ভিক্ষ, দুর্ভোগ, দুর্মুখ, দুর্যোগ, দুর্লভ, দুশ্চরিত্র, দুশ্চিন্তা, দুস্তর ইত্যাদি।

**১১. নিম্নলিখিত শব্দ সমূহে কখনোই ং প্রযুক্ত হবে না; কেবল ঙ ব্যবহৃত হবে।**
যেমনঃ আকাঙ্ক্ষা, অঙ্ক , ইঙ্গিত , কঙ্কাল, অঙ্গীকার, আঙ্গুল, গঙ্গা, শিক্ষাঙ্গন পঙ্কিল, শশাঙ্ক প্রভৃতি।

**১২. নিম্নলিখিত শব্দ সমূহে ঙ এবং ং উভয়ই ব্যবহৃত হবে।**
যেমনঃ আলঙ্কার, আলংকার , শুভংকর, শুভঙ্কর, অহঙ্কার, অহংকার প্রভৃতি।

**১৩. অহম/ভয়ং/শুভম/সম/ম থাকলে 'ঙ' না বসে 'ং' বসে।**
যেমনঃ অহংকার, ভয়ংকর, সংগীত, সংসার, অলংকার, সংকেত, সংক্ষেপ, সংকট, সংহার, সংরক্ষণ, সংলাপ, সংকল্প, সংকলন, সংকীর্ণ, শংকা, অহংকার, সংগঠন, সংঘাত, সংযোগ, সংবাদ, আড়ং, এবং, সং, ঠ্যাং, বরং, রং, সুতরাং, ঢং, শিং, স্বয়ং।

> 'অ' ধ্বনির পর ক, খ, ঘ, ক্ষ থাকলে 'ঙ্ক' বসে। যেমনঃ অঙ্ক, অঙ্গ, অঙ্কন, আতঙ্ক, আকাঙ্ক্ষ, কঙ্কাল, অঙ্কুর, চিত্রাঙ্কন, জলাতঙ্ক, পালঙ্ক, পঙ্কজ, বঙ্গ, বিহঙ্গ, সঙ্গ, শঙ্কা, শঙ্খ, শৃঙ্খল, হিমাঙ্ক।

**১৪. 'অদ্ভুত' শব্দের ভুত ছাড়া প্রায় সমস্ত ভূতই দীর্ঘ। যেমনঃ**
অভূতপূর্ব, অঙ্গীভূত, অভিভূত, আবির্ভূত, উদ্ভুত, একীভূত, ঘনীভূত, দ্রবীভূত, পরাভূত, প্রস্তরীভূত, বশীভূত, সম্ভূত ইত্যাদি।

**১৫. আলি প্রত্যয়যুক্ত শব্দে সর্বদা ি-কার হবে।**
যেমনঃ খেয়ালী-খেয়ালি, মিতালী- মিতালি, গীতালী-গীতালি, রূপালী-রূপালি প্রভৃতি।

**১৬. বিদেশি শব্দের বানানে (ষ, ণ, ছ, ড়, ঢ়) এই পাঁচটি বর্ণ ব্যবহার করা যাবে না।**
যেমনঃ ইছলাম- ইসলাম , ব্যারিষ্টার-ব্যারিস্টার , কর্ণেল- কর্নেল, বামুণ- বামুন ইত্যাদি।

**১৭. কিঃ যার উত্তর হ্যাঁ/না-এর মধ্যে সীমাবদ্ধ অর্থাৎ সম্মতিজ্ঞাপন প্রশ্নে 'কি' বসে। হ্যাঁ/না বোঝাতে 'কি' বসে।**
যেমনঃ তুমি কি খাবে? এই কি'র উচ্চারণ সংক্ষিপ্ত হবে। যেমনঃ হ্যাঁ/না। কি সর্বনাশ, কি জ্বালা।

**১৮. কীঃ যার উত্তর বিষয়ের উপর নির্ভরশীল অর্থাৎ বিষয়জ্ঞাপন প্রশ্নে 'কী' বসে। নির্দিষ্ট করে জানার জন্য কী, কোন, কোন উপায়ে, কবে, কেমন, কত, কোথায়, কখন, কিভাবে, কিসের জানতে চাইলেও কী ব্যবহৃত হয়। আবেগ/সন্দেহ /বিস্ময় /লজ্জা/ঘৃণা/সন্দেহ বোঝাতে 'কী' বসে। কী টেনে উচ্চারণ করতে হয়।**
যেমনঃ
তুমি কী খাবে?—ভাত।
তুমি কী খাও?—ভাত।
কী পড়—বই না পেপার।

**১৯. ক্রিয়াবাচক শব্দে সব সময় ই-কার বসে।**
যেমনঃ করি, মারি, ধরি, ভরি, চরি, পড়ি, পরি, চলি, বলি, ধরি, ভাবি।

**২০. জাতির ভাষা শব্দে ই-কার বসে।**
যেমনঃ দেশি, বিদেশি, বাঙালি, বাংলাদেশি, জাপানি, ইরাকি, আরবি, ফারসি, ইংলিশ, হিন্দি।

**২১. 'তা' এবং 'ত্ব' হলাে বিশেষ্যবাচক প্রত্যয়। যা কেবল বিশেষণ শব্দকে বিশেষ্য করে।**
তাই বিশেষ্য শব্দের সঙ্গে আবারো 'তা' বা 'ত্ব' যুক্ত করলে তা ভুল হবে। যেমনঃ

| শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
|---|---|---|---|
| অধৈর্য, অধীরতা | অধৈর্যতা | অপকর্ষ, অপকৃষ্টতা | অপকর্ষতা |
| উৎকর্ষ, উৎকৃষ্টতা | উৎকর্ষতা | ঐক্য, একতা | ঐক্যতা |
| কার্পণ্য, কৃপণতা | কার্পণ্যতা | চাঞ্চল্য, চঞ্চলতা | চাঞ্চল্যতা |
| চাতুর্য, চতুরতা | চাতুর্যতা | চাপল্য, চপলতা | চাপল্যতা |
| দারিদ্র্য, দরিদ্রতা | দারিদ্র্যতা | দ্বৈত | দ্বৈততা |
| দৌর্বল্য, দুর্বলতা | দৌর্বল্যতা | প্রসার | প্রসারতা |
| পৌরুষ, পুরুষত্ব | পৌরুষত্ব | বাহুল্য, বহুলতা | বাহুল্যতা |
| বৈচিত্র্য, বিচিত্রতা | বৈচিত্র্যতা | বৈশিষ্ট্য, বিশিষ্টতা | বৈশিষ্ট্যতা |
| বৈষম্য, বিষমতা | বৈষম্যতা | ভারসাম্য, ভারসমতা | ভারসাম্যতা |
| মাধুর্য, মধুরতা | মাধুর্যতা | লাঘব, লঘুতা | লাঘবতা |
| সাদৃশ্য, সদৃশতা | সাদৃশ্যতা | সামর্থ্য, সমর্থতা | সামর্থ্যতা |
| সৌজন্য, সুজনতা | সৌজন্যতা | সৌন্দর্য, সুন্দরতা | সৌন্দর্যতা |

## ২২. সন্ধিজাত শব্দে ঈ-কার বসে। যেমনঃ

| | |
|---|---|
| ই+ই=ঈ | রবীন্দ্র (রবি+ইন্দ্র), অভীষ্ট, অতীষ্ট, অধীন, অতীব, অতীত। |
| ই+ঈ= ঈ | প্রতীক্ষা (প্রতি+ঈক্ষা), পরীক্ষা, সমীক্ষা, ক্ষিতীশ, মনীশ। |
| ঈ+ই=ঈ | রথীন্দ্র (রথী+ইন্দ্র), সতীন্দ্র, সুধীন্দ্র, ফণীন্দ্র, শচীন্দ্র, মহীন্দ্র। |
| ঈ+ঈ=ঈ | শ্রীশ (শ্রী+ঈশ), দিল্লীশ্বর, অবীনশ্বর, মহীশ। |

## ২৩. সন্ধিজাত শব্দে ঊ-কার বসে। যেমনঃ

| | |
|---|---|
| উ+উ=ঊ | কটূক্তি (কটু+উক্তি), সাধূক্তি, গুরূপদেশ, অনূদিত, মরূদ্যান, বধূদয়। |
| উ+ঊ=ঊ | লঘূর্মি (লঘু +ঊর্মি), অনূর্ধ্ব, তনূর্ধ্ব, বহূর্ধ্ব। |
| ঊ+উ=ঊ | বধূৎসব (বধূ+উৎসব), ভূত্থিত, বধূক্তি। কিন্তু মধু+উৎসব 'মধূৎসব' হবে না। |
| ঊ+ঊ= ঊ | ভূর্ধ্ব, (ভূ+ঊধ্ব), সরভূর্মি। |

## ২৪. উপসর্গজাত শব্দে ই/ঈ-কার বসে। যেমনঃ

| | |
|---|---|
| নিঃ+র হলে ঈ-কার হয় | নীরস (নিঃ+রস), নীরক্ত, নীরব, নীরোগ। |
| নিঃ+অন্যবর্ণ ই-কার হয় | নির্গমন (নিঃ+গমন), নির্ধন, নির্জীব, নির্ভয়। |
| নিঃ+অ/আ থেকে 'র' হলে ই-কার হয় | নি অপরাধ (নিঃ+ অপরাধ), নিরবধি, নিরাকুল, নিরাভরণ, নিরাশ্রয়, নিরাপদ। |

## ২৫. একক শব্দর সমাসবদ্ধ শব্দে ঈ/ই-কার বসে। যেমনঃ

| | |
|---|---|
| ঈ>ইত্ব | একাকী>একাকিত্ব, কৃতী>কৃতিত্ব, দায়ী>দায়িত্ব, মন্ত্রী>মন্ত্রিত্ব, স্থায়ী>স্থায়িত্ব। |
| ঈ>ইতা | উপকারী>উপকারিতা, উপযোগী>উপযোগিতা, প্রতিযোগী> প্রতিযোগিতা। |
| ঈ>ইনী | অপকারী> অপকারিনী, অভিমানী> অভিমানিনী, সঙ্গী>সঙ্গিনী। |
| ঈ>ই | প্রাণী>প্রাণিবিদ্যা, মন্ত্রী>মন্ত্রিসভা, নারী>নারিবাচক, নদী>নদিমাতৃক। |

## ২৬. ৎ (উৎ) যুক্ত শব্দে ব-ফলা বসে না।

যেমনঃ উচ্ছল, উচ্ছেদ, উচ্ছিন্ন, উজ্জীবন, কজ্জল, জগজ্জন, তজ্জন্য, বিপজ্জনক, সজ্জন।

## ২৭. ৎ (উৎ) যুক্ত শব্দে ব-ফলা বসে।

যেমনঃ উজ্জ্বল, উচ্ছ্বাস, উচ্ছ্বসিত, উদ্বর্তন, উদ্বাস্তু, উদ্বিগ্ন, উদ্বুদ্ধ, উদ্বৃত্ত, উদ্বেগ, উদ্বেল, উদ্বোধক, উদ্বোধন, জগদ্বন্ধু, তদ্ব্যতীত, বিদ্যুদ্বেগে, সদ্ব্যবহার।

## ২৮. বিসর্গ বর্জিত শব্দ।

যেমনঃ অন্তরঙ্গ, অন্তরীণ, অন্তরাল, নিসর্গ, নিষেধ, নিসৃত, প্রাতরাশ, বক্ষ্যমাণ, বয়োবৃদ্ধ, মনস্তত্ত্ব, মনোদুঃখ, মনোবিজ্ঞান, অন্তত, অংশত, অধ, অহ, অহরহ, আয়ু, ইতস্তত, ক্রমশ, তপ, প্রথমত, নভ, পয়, প্রায়শ, বস্তুত, মন,  অন্তস্থ, নিস্পন্দ, নিস্কব্ধ, নিস্পৃহা, নিশ্বাস, দুস্থ, মনস্থ, বক্ষস্থল।

৩০. নাসিক্যজাত শব্দে চন্দ্রবিন্দু বসে। যেসব সংস্কৃত শব্দে ন/ণ/চ/ম/ং বর্ণ থাকে সেসব বর্ণ উঠে চন্দ্রবিন্দু বসে।
যেমনঃ

| | | | | |
|---|---|---|---|---|
| অঙ্কন>আঁকা | অংশু>আঁশ | বংশি>বাঁশ | কক্ষ>কাঁক/কাঁখ | কঙ্কণ>কাঁকন |
| বংশ>বাঁশ | হংস>হাঁস | অন্ধকার>আঁধার | স্কন্ধ>কাঁধ | খুন্টি>খুঁটি |
| কণ্টক>কাঁটা | কণ্টকি>কাঁঠাল | চন্দ্র>চাঁদ | কাঞ্চা>কাঁচা | ক্ষত>খুঁত/খুঁৎ |
| ক্ষোড>খুঁটি | সূচ>সুঁই | উচ্চ>উঁচু | উচ্ছিষ্ট>এঁটো | পঞ্চ>পাঁচ |
| ক্রন্দন>কাঁদা | ইন্দুর>ইঁদুর | সিন্দুর>সিঁদুর | বন্ধন>বাঁধন | কন্থা>কাঁথা |
| দন্ত্য>দাঁত | কম্পন>কাঁপা | পিপিলিকা>পিঁপড়া | | |

| | | |
|---|---|---|
| দেশি শব্দে চন্দ্রবিন্দু | | ঝাঁটা, ডাঁস, ঢেঁকি, যাঁতা। |
| বিদেশি শব্দে চন্দ্র বিন্দু | ফারসি | জাঁহাপনা, পিঁয়াজ, ফাঁদ, ফাঁশ, বাঁদি, হুঁশ, হুঁশিয়ার। |
| | আরবি | তাঁবু, তুঁত, হুঁকা। |
| | তুর্কি | কাঁচি, বোঁচকা। |
| | ফরাসি | আঁতাত, দাঁতাত, রেনেসাঁ। |
| | পর্তুগিজ | পেঁপে। |
| | হিন্দি | কাঁচা, খাঁচা, গাঁজা, ঝাঁক, ঝুঁকি, টুঁটি, বাঁদি, ভোঁতা। |

৩১. ণ/ন-এর বানান /ণত্ববিধানঃ

| | |
|---|---|
| ক)সংস্কৃত শব্দে স্বভাবতই 'ণ' ব্যবহৃত হয়। | যেমনঃ গ্রহণ, স্বর্ণ, পণ্য, বীণা। |
| খ)ঋ, ঋ-কারের পর 'ণ' বসে। | যেমনঃ ঋণ, তৃণ। |
| গ)র, র-ফলা, রেফ-এর পর 'ণ' বসে। | যেমনঃ চরণ, প্রাণ, কর্ণ। |
| ঘ)সাধারণত ষ-এর পর 'ণ' বসে। | যেমনঃ ভাষণ। |
| ঙ)ট-বর্গীয় (ট, ঠ, ড) যুক্ত শব্দে 'ণ' বসে। | যেমনঃ কণ্টক, কণ্ঠ, দণ্ড। |
| চ)নার, পার, পর-এর পর অয়ন যুক্ত শব্দে 'ণ' বসে। | যেমনঃ নারায়ণ, রামায়ণ, পরায়ণ। |
| ছ)প্র, পরি, নির উপসর্গ গঠিত শব্দে 'ণ' বসে। | যেমনঃ প্রণাম, পরিত্রাণ, নির্ণয়, পরিণতি |
| জ)অপর, প্র, পর, পূর্ব এ ওপর হ-এর সঙ্গে 'ণ' যুক্ত হয়। | যেমনঃ অপরাহ্ণ, পরাহ্ণ, পূর্বাহ্ণ। |

৩৩. ষ/স/শ-এর বানান /ষত্ববিধানঃ

| | |
|---|---|
| ক)ঋ/ঋ-কারের পর সংস্কৃত শব্দে 'ষ' বসে। | যেমনঃ ঋষভ, ঋষি, কৃষি, কৃষক, বৃষ্টি, তৃষ্ণা। |
| খ)রেফ-এর পর 'ষ' বসে। | যেমনঃ কর্ষ, বর্ষ, হর্ষ, বার্ষিক। নিষ্পাপ, নিষ্ফল, নিষ্পন্ন, নিষ্কৃতি। |
| গ)ট-বর্গীয় (ট, ঠ, ড) সংস্কৃত শব্দে 'ষ' বসে। | যেমনঃ অষ্ট, কষ্ট, ষষ্ঠ, রুষ্ট, সৃষ্টি। |
| ঘ)অধি/অনু/অভি/ পরি/প্রতি/বি/সু যুক্ত উপসর্গে 'ষ' বসে | যেমনঃ অনুষঙ্গ, পরিষদ, পরিষ্কার, প্রতিষেধক, প্রতিষ্ঠান, বিষণ্ন, |
| ঙ)'নিঃ' ও 'দুঃ' উপসর্গে গঠিত শব্দে 'ষ' বসে অর্থাৎ নিষ ও দুষ যুক্ত শব্দে 'ষ' বসে। | যেমনঃ নিষেধ, নিষ্পন্ন, দুষ্প্রাপ্য, দুষ্কর, দুষ্কৃতি। |
| চ)বিশেষ্য হলে 'শ' আর বিশেষণ হলে 'ষ' বসে। | যেমনঃ আদেশ-আদিষ্ট, আবেশ-আবিষ্ট, ক্লেশ-ক্লিষ্ট, নির্দেশ-নির্দিষ্ট, প্রবেশ-প্রবিষ্ট, বিনাশ -বিনষ্ট। |
| ছ)সন্ধি বা বিসর্গ সন্ধিতে 'স' বসে। সাৎ প্রত্যয়যুক্ত শব্দে স বসে। | যেমনঃ তিরস্কার, পুরস্কার, ভাস্কর, বৃহস্পতি, আকসাৎ। |
| জ)বিদেশি শব্দে 'শ' বা 'স' বসে। চ-বর্গীয় শব্দে 'শ' বসে। ট-বর্গীয় (ট, ঠ, ড) বিদেশি শব্দে স বসে। | যেমনঃ তামাশা, খুশি, মসজিদ, সালাম, আশ্চর্য, নিশ্চয়, পশ্চিম, আগস্ট, মাস্টার, স্টোর, পোস্টার, স্কুল। |
| ঝ)বিদেশি শব্দে 'স/শ' বসে ('ছ/ষ' বসে না) ঝ, s>স, স্ট /sh>শ। | যেমনঃ আর্টিস্ট, টুরিস্ট, টেস্ট, টোস্ট, টেস্টি, ডাস্টবিন, মাস্টার, পোস্টার, ফাস্ট, ব্রেকফাস্ট, রেজিস্ট্রার, স্কুল, স্টল, স্টপ, স্টেশন, স্টুডিও পেস্ট, স্টোর, স্ট্রিট, স্টেডিয়াম, স্টিকার, সিলেবাস, হোস্টেল, স্টেশন, সেশন, শিপ, ব্রিটিশ, মেশিন, কমিশন। |
| ঞ)অ বা আ বর্ণের পর বিসর্গ থাকলে বিসর্গ স্থানে ষ না হয়ে স হবে। | যেমনঃ তেজস্কর, তিরস্কার,নমস্কার, পুরস্কার, মনস্কামনা, |

৩৪. নিস্পন্দ, নিস্পৃহ ইত্যাদিতে 'স' হয়। কারণ স্পৃহ বা স্পন্দ্ ধাতুর 'স' কখনো 'ষ' হয় না।

৩৫. শেষ বর্ণে তালব্য-শ রয়েছে এমন কিছু বিশেষ্যবাচক শব্দ - ত প্রত্যয়যোগে বিশেষণে পরিণত হলে তালব্য-শ স্থানে মূর্ধন্য-ষ হয়।
যেমনঃ

| | | | |
|---|---|---|---|
| আদেশ > আদিষ্ট | আবেশ > আবিষ্ট | উপদেশ > উপদিষ্ট | ক্লেশ > ক্লিষ্ট |
| নির্দেশ > নির্দিষ্ট | নিবেশ > নিবিষ্ট | নিরুদ্দেশ > নিরুদ্দিষ্ট | প্রবেশ > প্রবিষ্ট |
| বিনাশ > বিনষ্ট | সমাবেশ > সমাবিষ্ট | | |

৩৬. স্বত্ব ও সত্ত্ব বিভ্রাট দূর করতে এ দুটি শব্দের অর্থ মনে রাখতে হবে। যেমন - স্ব অর্থ নিজ। আর এ থেকেই স্বত্ব অর্থ নিজত্ব বা আমাত্ব। পক্ষান্তরে, 'সত্ত্ব' অর্থ বিদ্যমান বা অস্তিত্ব, কোনো গুণ বোঝাতে ও ফলের রস বোঝাত।
যেমনঃ

এ জমিতে আমার স্বত্ব (অধিকার) আছে।
মেয়েটি অন্তঃসত্ত্বা (সন্তানের অস্তিত্ব)।
তিনি একজন সাত্ত্বিক (গুণসম্পন্ন) মানুষ।
কাঁঠালের আমসত্ত্ব (ফলের রস)।

**৩৭. শিশ, শিষ ও শিস বিভ্রাট দূর করতে এগুলোর অর্থে মনে রাখতে হবে।**

| | |
|---|---|
| শিশ অর্থ কাচ। | যেমনঃ শিশমহল, শিশি (বাতেল) ইত্যাদি। |
| শিষ অর্থ শীর্ষ বা চূড়া। | যেমনঃ ধানের শিষ, শীর্ষবিন্দু ইত্যাদি। |
| শিস অর্থ ঠোঁটের সাহায্য এক প্রকার শব্দ তৈরি। | যেমনঃ শিস দেয়া। |

**৩৮. ক্ষণ ও কাল শব্দের পূর্ববর্তী বিশেষণ আলাদা না বসে একসাথে বসে।**
যেমনঃ এতকাল, বহুকাল, যতক্ষণ ইত্যাদি।

**৩৯. আগামী ও গত শব্দের পরের শব্দ সর্বদা আলাদা বসে।**
যেমনঃ আগামী কাল, গত পরশু, গত বার ইত্যাদি।

**৪০। সন্ধিতে বিসর্গযুক্ত ই-কার বা উ-কার-এর পর ক/খ/প/ফ-এর যে-কোনোটি থাকলে বিসর্গ স্থানে ষ হয়।**
যেমনঃ আবিঃ + কার = আবিষ্কার। এরকমঃ আয়ুষ্কাল, চতুষ্পদ, জ্যোতিষ্ক, নিষ্প্রভ, নিষ্ক্রিয়, নিষ্কর, নিষ্কলঙ্ক, নিষ্ফল, দুষ্কর, নিষ্কাম, নিষ্কৃতি, নিষ্পত্তি, নিষ্ক্রমণ, নিষ্প্রদীপ, ভ্রাতুষ্পুত্র, বহিষ্কার, বহিষ্কৃত ইত্যাদি।

## বাক্যে পদের অপপ্রয়োগ

**অত্র**
অত্র শব্দের অর্থ 'এখানে'। যত্র – যেখানে, তত্র – সেখানে, যত্রতত্র – যেখানে সেখানে। তাই অত্র বললে 'এই' বাঝোবার কারণ নেই। যেমনঃ 'এই অফিস' অর্থে অত্র অফিস' লিখলে ভুল হবে।

**উল্লেখিত/উল্লিখিত**
উৎ + লিখিত = উল্লিখিত, উল্লেখিত নয়। 'উৎ' মানে ওপরে বা আগে, আর লিখিত মানে 'যা লেখা হয়েছে'। তা হলে উল্লিখিত শব্দের অর্থ হলা 'উপর লিখিত' বা 'পূর্বে লিখিত'।

**প্রেক্ষিত**
'প্রেক্ষিত' শব্দ এসেছে 'প্রেক্ষণ' থেকে। 'প্রেক্ষণ' বিশেষ্য পদ, অর্থ – দৃষ্টি। এ থেকে তৈরি হয়েছে বিশেষণ পদ 'প্রেক্ষিত', অর্থ– দর্শিত বা যা দেখা হয়েছে; এবং 'প্রেক্ষণীয়' অর্থ – যা দেখা উচিত বা যা দেখতে হবে। ফলে perspective বা back-ground অর্থে পরিপ্রেক্ষিত বাঝোতে চাইলে 'প্রেক্ষিত' শব্দ লিখলে চলবে না, লিখতে হবে 'পরিপ্রেক্ষিত'।

**ফলশ্রুতি**
ফল, পরিণাম অর্থে 'ফলশ্রিতি' শব্দের ব্যাপক প্রয়োগ লক্ষ করা যায়। 'ফলশ্রুতি' শব্দের অর্থ– পুণ্যকর্ম করলে তার যে – ফল হয় তা শ্রবণ বা তার বিবরণ। বোঝাই যাচ্ছ, এখানে 'শ্রতি'র সঙ্গে পুণ্যকর্মের সম্পর্ক জড়িয়ে আছে। তাই ফল/ ফলাফল/ পরিণতি/ পরিণাম – এসব শব্দ বোঝাতে ফলশ্রুতি লিখলে ভুল হবে।

**সহসা**
সহসা শব্দের মানে – হঠাৎ, অকস্মাৎ, অতর্কিতভাবে। আজকাল এই শব্দটি – শীঘ্র, তাড়াতাড়ি, সত্বর ইত্যাদি অর্থে ব্যবহার করা হচ্ছে, যা ভুল।

**চলাকালীন সময়ে/ থাকাকালীন সময়ে**

'কাল' শব্দের বিশেষণ হলো 'কালীন'; এর অর্থ - সময়ে। যেমনঃ মৃত্যুকালীন প্রার্থনা, যুদ্ধকালীন অর্থনৈতিক মন্দা। তাই 'চলাকালীন' শব্দের অর্থ চলার সময়ে, চালু থাকা কালে। ফলে, 'চলাকালীন সময়ে' মানে দাঁড়াবে - চলার সময়ে সময়ে। তাই 'চলাকালীন' - এর পরে 'সময়ে' লেখা বাহুল্য অর্থহীন, ফলে বর্জনীয়।

**উদ্দেশ/উদ্দেশ্য**

উদ্দেশ শব্দে বাঝোয়ঃ হদিস, খোঁজ, লক্ষ্য। যেমনঃ

ক) কার উদ্দেশে একথা বলা হলো কেউ বুঝত পারল না।
খ) 'নদী ধায় সাগর উদ্দেশে।'
গ) তাঁর পবিত্র স্মৃতির উদ্দেশে এই গ্রন্থ উৎসর্গিত হয়েছে।

উদ্দেশ্য শব্দের অর্থঃ অভিপ্রায় বা মতলব, তাৎপর্য, প্রয়াজেন। যেমনঃ

ক. আমার কাছে এসব কেন বল? তামোর উদ্দেশ্য কী খুলে বল।
খ. সাবধানে থেকো। লাকেটা সুবিধের নয়, উদ্দেশ্য ছাড়া কোনো কাজ করে না।
গ. ভদ্রলাকে ফালতু কথা একেবারেই বলেন না। তিনি যখন এ-কথা বলেছেন, তখন বুঝতে হবে-এর কোনো উদ্দেশ্য আছে।

**লক্ষ/লক্ষ্য**

আমরা সকলেই জানি যে, 'লক্ষ' শব্দের অর্থ ১০০ হাজার এবং 'লক্ষ্য' মানে উদ্দেশ্য বা দেখা। আমরা যা জানি না তা হলো, উদ্দেশ্য বা দেখা অর্থে লক্ষ্য ও লক্ষ দুটো বানানই ঠিক; তবে বাক্যে এদের প্রয়াগে করার মধ্য ভিন্নতা আছে। যেমনঃ

ক. আমার লক্ষ্য দেশের উন্নতি করা। (উদ্দেশ্য অর্থে)
খ. নিজের ঘরসংসারের দিকে তার কোনো লক্ষ্য নেই। (দৃষ্টি, নজর অর্থে)
গ. নিজের ঘরসংসারের দিকে সে কোনো লক্ষই করে না। (দৃষ্টি, নজর অর্থে)

অর্থাৎ দৃষ্টিপাত করা, মনোযাগে দেওয়া অর্থে এই শব্দের বানান দু রকম হচ্ছেঃ বিশেষ্য হিসেব ব্যবহার করলে য-ফলা দিতে হবে; আর ক্রিয়াপদ হিসেবে ব্যবহার করলে য-ফলা লাগবে না।

## বাংলা ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ

শব্দের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ

সংস্কৃত সহিত থেকে 'সঙ্গে বা সাথে'র উৎপত্তি। নিয়ম আছে গদ্যে 'সঙ্গে' আর পদ্যে 'সাথে' ব্যবহার করতে হবে তবে এখন সর্বত্রই 'সঙ্গে' ব্যবহার করা হচ্ছে। আবার বিশেষণ সাধারণত পদক্রম অনুসারে বিশেষ্যের আগে বসে। যেমনঃ খাঁটি গরুর দুধ। এটা একটি ভুল প্রয়োগ। হবে খাঁটি দুধ। বিভিন্নভাবে বাক্য অশুদ্ধ হতে পারে। যেমনঃ

অশুদ্ধবাক্য : রহিম ছেলেদের মধ্যে কনিষ্ঠতম/তর।
শুদ্ধবাক্য : রহিম ছেলেদের মধ্যে কনিষ্ঠ।

অশুদ্ধবাক্য : আপনি সদাসর্বদা জনগণের মঙ্গল চেয়েছেন।
শুদ্ধবাক্য : আপনি সর্বদা/সব সময় জনগণের মঙ্গল চেয়েছেন।

অশুদ্ধবাক্য : শুনেছি আপনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।
শুদ্ধবাক্য : শুনেছি আপনি সস্ত্রীক/স্ত্রীসহ ঢাকায় থাকেন।

অশুদ্ধবাক্য : আপনি জনগণের হয়েও তাদের পক্ষে সাক্ষী দেননি।
শুদ্ধবাক্য : আপনি জনগণের হয়েও তাদের পক্ষে সাক্ষ্য দেননি।

অশুদ্ধবাক্য : ঘটনাটি শুনে আপনি তো উদ্বেলিত হয়ে পড়েছিলেন।
শুদ্ধবাক্য : ঘটনাটি শুনে আপনি তো উদ্বেল হয়েছিলেন।

অশুদ্ধবাক্য : বাসের ধাক্কায় তিনি চোখের দৃষ্টিশক্তি হারিয়েছেন।
শুদ্ধবাক্য : বাসের ধাক্কায় তিনি দৃষ্টিশক্তি হারিয়েছেন।

অশুদ্ধবাক্য : আপনার এলাকার উন্নয়নের জন্য আপনি দিবারাত্রি পরিশ্রম করেছেন।
শুদ্ধবাক্য : আপনার এলাকার উন্নয়নের জন্য আপনি দিবারাত্র/দিনরাত পরিশ্রম করেছেন।

অশুদ্ধবাক্য : আমাদের প্রধানমন্ত্রী চেষ্টা করেছেন নর-নারীর বৈষম্যতা দূর করতে।
শুদ্ধবাক্য : আমাদের প্রধানমন্ত্রী চেষ্টা করেছেন নর-নারীর বৈষম্য দূর করতে।

অশুদ্ধবাক্য : শুধু নিজের না, দেশের উৎকর্ষতা সাধন করা প্রত্যেকেরই উচিত।
শুদ্ধবাক্য : শুধু নিজের না, দেশের উৎকর্ষ/উৎকৃষ্টতা সাধন করা প্রত্যেকেরই উচিত।

অশুদ্ধবাক্য : বেশি চাতুর্যতা দেখাতে গিয়ে শেষে নিজেই দল থেকে বাদ পড়লেন।
শুদ্ধবাক্য : বেশি চাতুর্য/চতুরতা দেখাতে গিয়ে শেষে নিজেই দল থেকে বাদ পড়লেন।

অশুদ্ধবাক্য : তার কথার মাধুর্যতা নাই।
শুদ্ধবাক্য : তার কথার মাধুর্য বা মধুরতা নাই।

অশুদ্ধবাক্য : ঢাকা দিন দিন তার ভারসাম্যতা হারিয়ে ফেলছে।
শুদ্ধবাক্য : ঢাকা দিন দিন তার ভারসাম্য/ভারসমতা হারিয়ে ফেলছে।

অশুদ্ধবাক্য : অন্য কোন উপায়ন্ত না দেখে তারা গুলি ছুড়তে লাগল।
শুদ্ধবাক্য : অন্য কোন উপায় না দেখে তারা গুলি ছুড়তে লাগল।

অশুদ্ধবাক্য : সে ক্যান্সারজনিত কারণে মারা গিয়েছে।
শুদ্ধবাক্য : সে ক্যান্সার/ক্যান্সারজনিক রোগে মারা গিয়েছে।

অশুদ্ধবাক্য : ঢাকার সৌন্দর্যতা বৃদ্ধিতে কয়েকটি প্রতিষ্ঠান কাজ করছে।
শুদ্ধবাক্য : ঢাকার সৌন্দর্য বৃদ্ধিতে কয়েকটি প্রতিষ্ঠান কাজ করছে।

অশুদ্ধবাক্য : অনুমতি ছাড়া কারখানায় ঢুকা আইনত দণ্ডনীয় অপরাধ।
শুদ্ধবাক্য : অনুমতি ছাড়া কারখানায় ঢুকা আইনত দণ্ডনীয়/আইনত অপরাধ।

অশুদ্ধবাক্য : এত বড় মানুষ হয়েও আপনার সৌজন্যতার কমতি নাই।
শুদ্ধবাক্য : এত বড় মানুষ হয়েও আপনার সৌজন্যের/সুজনতার কমতি নাই।

অশুদ্ধবাক্য : শহীদুল্লাহ কায়সার এবং মুনীর চৌধুরী দুজনই দেশের জন্য প্রাণ দিলেন।
শুদ্ধবাক্য : শহীদুল্লাহ কায়সার ও মুনীর চৌধুরী দুজনই দেশের জন্য প্রাণ দিলেন।

অশুদ্ধবাক্য : আগুনের দ্বারা নিভে গেছে কতগুলো প্রাণ।
শুদ্ধবাক্য : আগুনে নিভে গেছে কতগুলো প্রাণ।

**বিশেষ্য ও বিশেষণের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

১. অশুদ্ধবাক্য : লোকটা নির্দোষী।
শুদ্ধবাক্য : লোকটা নির্দোষ।

২. অশুদ্ধবাক্য : সদা সর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়।
শুদ্ধবাক্য :সদাসর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয়।

৩. অশুদ্ধবাক্য : দুর্বলবশত তিনি আসিতে পারেন নাই।
শুদ্ধবাক্য : দুর্বলতাবশত তিনি আসিতে পারেন নাই।

**সাধু চলিত ভাষারীতির মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

১. অশুদ্ধবাক্য : তাহার কথা মতো চলা ঠিক নয়।
শুদ্ধবাক্য : তার কথা মতো চলা ঠিক নয়।

২. অশুদ্ধবাক্য : যা বলিব সত্যবলিব।
শুদ্ধবাক্য : যাহা বলিব সত্য বলিব/ যা বলব সত্য বলব।

৩. অশুদ্ধবাক্য : তাহাকে কলেজে যাইতে হবে।
শুদ্ধবাক্য : তাকে কলেজে যেতে হবে।

৪. অশুদ্ধবাক্য : তাহারে যেন সবাই ভূল করিবার প্রতিযোগিতায় নেমেছে।
শুদ্ধবাক্য : তারা যেন সবাই ভুল করার প্রতিযোগিতায় নেমেছে।

**বানানের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

১. অশুদ্ধবাক্য : পাষান হৃদয়ও ভালোবাসায় গলে যায়।
শুদ্ধবাক্য : পাষাণ হৃদয়ও ভালোবাসায় গলে যায়।

২. অশুদ্ধবাক্য : নিরোগ লোক প্রকৃত সুখী।
শুদ্ধবাক্য : নীরোগ লোক প্রকৃত সুখী।

৩. অশুদ্ধবাক্য : অভাবগ্রস্থ ছাত্রটি তাহার দুরাবস্থার কথা অশ্রুপূর্ণ নয়নে বর্ণনা করিল।
শুদ্ধবাক্য : অভাবগ্রস্ত ছাত্রটি তাহার দুরবস্থার কথা অশ্রুপূর্ণ নয়নে বর্ণনা করিল।

৪. অশুদ্ধবাক্য : অতিরিক্ত খাটুনিতে তার স্বাস্থ ভেঙে গেছে।
শুদ্ধবাক্য : অতিরিক্ত খাটুনিতে তার স্বাস্থ্য ভেঙে গেছে।

৫. অশুদ্ধবাক্য : অল্পজ্ঞান লোক বিপদজনক।
শুদ্ধবাক্য : অল্পজ্ঞান লোক বিপজ্জনক।

৬. অশুদ্ধবাক্য : আজ অপরাহ্নে ঢাকা ষ্টেডিয়ামে ইরান ও জার্মানের মধ্যে প্রতিযোগীতা হবে।
শুদ্ধবাক্য : আজ অপরাহ্ণে ঢাকা স্টেডিয়ামে ইরান ও জার্মানির মধ্যে প্রতিযোগিতা হবে।

৭. অশুদ্ধবাক্য : আমার এ কাজে মনযোগ নেই।
শুদ্ধবাক্য : আমার এ কাজে মনোযোগ নেই।

৮. অশুদ্ধবাক্য : আদ্যান্ত শুনিয়া তিনি চমকিয়া উঠিলেন।
শুদ্ধবাক্য : আদ্যন্ত শুনিয়া তিনি চমকিয়া উঠিলেন।

৯. অশুদ্ধবাক্য : তাহাকে শান্তনা দেওয়ার সামর্থ আমার নেই।
শুদ্ধবাক্য : তাহাকে সান্ত্বনা দেওয়ার সামর্থ্য আমার নেই।

১০. অশুদ্ধবাক্য : দারিদ্রতা আমদের জাতীয় বৈশিষ্ট্য।
শুদ্ধবাক্য : দরিদ্রতা/দারিদ্র্য আমাদের জাতীয় বৈশিষ্ট্য।

**অতিশায়নের মাধ্যমে ভাষায় অশুদ্ধ প্রয়োগঃ**

১. অশুদ্ধবাক্য : রহিম ছেলেদের মধ্যে কনিষ্ঠতম/তর।
শুদ্ধবাক্য : রহিম ছেলেদের মধ্যে কনিষ্ঠ।

২. অশুদ্ধবাক্য : শুনেছি আপনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।
শুদ্ধবাক্য : শুনেছি আপনি সস্ত্রীক/স্ত্রীসহ ঢাকায় থাকেন।

৩. অশুদ্ধবাক্য : বাসের ধাক্কায় তিনি চোখের দৃষ্টিশক্তি হারিয়েছেন।
শুদ্ধবাক্য : বাসের ধাক্কায় তিনি দৃষ্টিশক্তি হারিয়েছেন।

৪. অশুদ্ধবাক্য : শুধু নিজের না, দেশের উৎকর্ষতা সাধন করা প্রত্যেকেরই উচিত।
শুদ্ধবাক্য : শুধু নিজের না, দেশের উৎকর্ষ/উৎকৃষ্টতা সাধন করা প্রত্যেকেরই উচিত।

৫. অশুদ্ধবাক্য : সে ক্যান্সারজনিত কারণে মারা গিয়েছে।
শুদ্ধবাক্য : সে ক্যান্সার/ক্যান্সারজনিক রোগে মারা গিয়েছে।

৬. অশুদ্ধবাক্য : বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
শুদ্ধবাক্য : বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

৭. অশুদ্ধবাক্য : সমগ্র জেলার মধ্যে বগুড়ার চাউল ভালো।
শুদ্ধবাক্য : সমগ্র জেলার মধ্যে বগুড়ার চাউল শ্রেষ্ঠ।

**বচনের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

অশুদ্ধবাক্য : সকল/সমস্ত যুদ্ধাপরাধীদের বিচার দাবি করেছে জনতা।
শুদ্ধবাক্য : সকল/সমস্ত যুদ্ধাপরাধীর/যুদ্ধাপরাধীদের বিচার দাবি করেছে জনতা।

অশুদ্ধবাক্য : আইভী ছাড়া অন্যান্য মেয়র প্রার্থীদের অবস্থা কেমন?
শুদ্ধবাক্য : আইভী ছাড়া অন্যান্য মেয়র প্রার্থীদের/অন্য প্রার্থীদেদের অবস্থা কেমন?

অশুদ্ধবাক্য : এবারও আইডিয়াল স্কুলের সব ছাত্ররা ভালো রেজাল্ট করেছে।
শুদ্ধবাক্য : এবারও আইডিয়াল স্কুলের সব ছাত্র/ছাত্ররা ভালো রেজাল্ট করেছে।

অশুদ্ধবাক্য : লক্ষ লক্ষ জনতারা সব সভায় উপস্থিত হয়েছিল।
শুদ্ধবাক্য : লক্ষ লক্ষ জনতা সভায় উপস্থিত হয়েছিল।

অশুদ্ধবাক্য : সব পাখিরা ঘর বাঁধে না।
শুদ্ধবাক্য : সব পাখি ঘর বাঁধে না।

অশুদ্ধবাক্য : যেসব ছাত্রদের নিয়ে কথা তারা বখাটে।
শুদ্ধবাক্য : যেসব ছাত্রকে নিয়ে কথা তারা বখাটে।

অশুদ্ধবাক্য : যেসব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের পরে বসে শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে।
শুদ্ধবাক্য : যেসব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের পরে বসে শব্দ গঠন করে তাদের প্রত্যয় বলে।

অশুদ্ধবাক্য : আমরা এমন কিছু মানুষদের চিনি, যারা এখনও দেশের জন্য প্রাণ দেবে।
শুদ্ধবাক্য : আমরা এমন কিছু মানুষকে চিনি যারা এখনও দেশের জন্য প্রাণ দেবে।

অশুদ্ধবাক্য : ক্লাসে যে ১০ জন ছাত্র আছে তার মধ্যে ৮ জনই ভালো ছাত্র।
শুদ্ধবাক্য : ক্লাসে যে ১০ জন ছাত্র আছে তাদের মধ্যে ৮ জনই ভালো ছাত্র।

অশুদ্ধবাক্য : কিছু কিছু মানুষ আছে যে অন্যের ভালো দেখতে পারে না।
শুদ্ধবাক্য : কিছু কিছু মানুষ আছে যারা অন্যের ভালো দেখতে পারে না।

অশুদ্ধবাক্য : সুজন, অন্যান্য মেয়র প্রার্থীদের খবর কী?
শুদ্ধবাক্য : সুজন, অন্যান্য মেয়র প্রার্থীর খবর কী?

অশুদ্ধবাক্য : এমন কিছু লোকদের কথা বললেন, যারা রাজাকার।
শুদ্ধবাক্য : এমন কিছু লোকের কথা বললেন, যারা রাজাকার।

অশুদ্ধবাক্য : প্রধান মন্ত্রীর সঙ্গে অন্যান্য মন্ত্রীবর্গ উপস্থিত ছিলেন।
শুদ্ধবাক্য : প্রধান মন্ত্রীর সঙ্গে অন্যান্য মন্ত্রী উপস্থিত ছিলেন।

অশুদ্ধবাক্য : এটি সার্বজনীন ব্যাপার।
শুদ্ধবাক্য : এটি সর্বজনীন ব্যাপার।

অশুদ্ধবাক্য : রহিমসহ অরো অনেকেই আছেন এই নাটকে।
শুদ্ধবাক্য : রহিমসহ অনেকেই আছেন এই নাটকে।

**নির্দেশকের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

'টা/টি/খানা/খানি' ব্যবহার করে শব্দকে নির্দিষ্ট করলে তার আগে 'এই' বা 'ঐ' ব্যবহার করা যাবে না। আবার গুলো বা গুলি বা গুলিন থেকে শুধু গুলো ব্যবহার করা যায়।

অশুদ্ধবাক্য : ঐ লোকটি খুব সৎ।
শুদ্ধবাক্য : লোকটি খুব সৎ।

অশুদ্ধবাক্য : আমি এই মানুষটিকে চিনি।
শুদ্ধবাক্য : আমি এই মানুষকে চিনি। /আমি মানুষটিকে চিনি।

**সন্ধির মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

অশুদ্ধবাক্য : ব্যাপারটি ছিল আপনার জন্য লজ্জাস্কর।
শুদ্ধবাক্য : ব্যাপারটি ছিল আপনার জন্য লজ্জাকর বা লজ্জাজনক।

অশুদ্ধবাক্য : এবারের ইলেকশান করে আপনে নাকি খুব দুরাবস্থায় আছেন।
শুদ্ধবাক্য : এবারের ইলেকশান করে আপনে নাকি খুব দুরবস্থায় আছেন।

অশুদ্ধবাক্য : ইত্যাবসারে বৃদ্ধ লোকটির দিন কাটে।
শুদ্ধবাক্য : ইত্যবসারে বৃদ্ধ লোকটির দিন কাটে।

অশুদ্ধবাক্য : উল্লেখিত বিষয় হলো তিনি এখন সমাজসেবী।
শুদ্ধবাক্য : উল্লিখিত বিষয় হলো তিনি এখন সমাজসেবী।

অশুদ্ধবাক্য : ইতিমধ্যে আপনি বলেছেন, আপনি মুক্তিযোদ্ধা ছিলেন।
শুদ্ধবাক্য : ইতোমধ্যে আপনি বলেছেন, আপনি মুক্তিযোদ্ধা ছিলেন।

অশুদ্ধবাক্য : শরৎ চন্দ্র বাংলার বিখ্যাত কথাকার।
শুদ্ধবাক্য : শরৎচন্দ্র বাংলার বিখ্যাত কথাকার/শরচ্চন্দ্র নামে একজন প্রবন্ধকার আছে।

**সমাসের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

সমাসবদ্ধ শব্দ হলে একশব্দে লিখতে হবে। অথবা মাঝে হাইফেন দিতে হবে। ও দিয়ে দুটি শব্দ যুক্ত হলে শব্দ দুটি এ-বিভক্তিযুক্ত হতে হবে। সহ অর্থ বুঝালে 'স্ব' না বসে 'স' বসে। সংস্কৃত শব্দের সঙ্গে সংস্কৃত শব্দের সমাস হয়। সমাসজাত শব্দ ও ব্যাসবাক্য একই সঙ্গে বসে না। সমাসবদ্ধ শব্দের বানানে শুধু মাঝের ঈ-কার ই-কার হয়। যেমনঃ

অশুদ্ধবাক্য : 'আমার সন্তান যেন থাকে দুধ ও ভাতে', এই কথা কবি বলেছেন।
শুদ্ধবাক্য : আমার সন্তান যেন থাকে দুধে ও ভাতে, এই কথা কবি বলেছেন।
/আমার সন্তান যেন থাকে দুধেভাতে, এই কথা কবি বলেছেন।

অশুদ্ধবাক্য : শহর ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।
শুদ্ধবাক্য : শহরে ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।

অশুদ্ধবাক্য : তিনি স্বসম্মানে হল ত্যাগ করলন।
শুদ্ধবাক্য : তিনি সসম্মানে হল ত্যাগ করলন।

অশুদ্ধবাক্য : কুআকারের মানুষগুলো ভালো স্বভাবেরও হয়।
শুদ্ধবাক্য : কদাকার মানুষগুলো ভালো স্বভাবেরও হয়।

অশুদ্ধবাক্য : মাল বহনকারী গাড়িগুলোতে আগুন ধরিয়ে তারা পালালো।
শুদ্ধবাক্য : মালগাড়িগুলোতে আগুন ধরিয়ে তারা পালালো।

অশুদ্ধবাক্য : ঘি মাখা ভাত ডিম দিয়ে খেতে খুব মজা।
শুদ্ধবাক্য : ঘিভাত ডিম দিয়ে খেতে খুব মজা।

অশুদ্ধবাক্য : দুধ মাখা ভাত কাকে খায়।
শুদ্ধবাক্য : দুধভাত কাকে খায়।

অশুদ্ধবাক্য : আগে সিংহচিহ্নিত আসনে বসে রাজা দেশ চালাতেন।
শুদ্ধবাক্য : আগে সিংহাসনে বসেরাজা দেশ চালাতেন।

অশুদ্ধবাক্য : লোকটি মিশির মতো কালো হয়েও সাদা মনের মানুষ।
শুদ্ধবাক্য : লোকটি মিশকালো হয়েও সাদা মনের মানুষ।

অশুদ্ধবাক্য : তালে কানা লোককে দিয়ে কিছুই হবে না।
শুদ্ধবাক্য : তালকানা লোককে দিয়ে কিছুই হবে না।

অশুদ্ধবাক্য : ছয়টি ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
শুদ্ধবাক্য : ছয়ঋতুর দেশ বাংলাদেশ।

অশুদ্ধবাক্য : রীতিকে অতিক্রম না করেও যথারীতি সে বড়লোক।
শুদ্ধবাক্য : রীতিকে অতিক্রম না করেও সে বড়লোক।

অশুদ্ধবাক্য : ক্ষণে ক্ষণে প্রতিক্ষণে মাকে পরে মনে।
শুদ্ধবাক্য : ক্ষণে ক্ষণে মাকে পরে মনে। /প্রতিক্ষণে মাকে পরে মনে।

**বিভক্তির মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

অশুদ্ধবাক্য : ভিক্ষুকদেরকে ভিক্ষা দাও।
শুদ্ধবাক্য : ভিক্ষুককে ভিক্ষা দাও। (একবচন) /ভিক্ষুকদের ভিক্ষা দাও। (বহুবচন)

অশুদ্ধবাক্য : বইকে পুড়িয়ে ফেলো/বইগুলোকে পুড়িয়ে ফেলো।
শুদ্ধবাক্য : বই/বইটি পুড়িয়ে ফেলো (একবচন)/বইগুলো পুড়িয়ে ফেলো (বহুবচন)

অশুদ্ধবাক্য : আপনি রবীন্দ্রনাথকে পড়ে কী পেলেন?
শুদ্ধবাক্য : আপনি রবীন্দ্রনাথ পড়ে কী পেলেন?

অশুদ্ধবাক্য : এ কলমকে দিয়ে কাজ হবে না।
শুদ্ধবাক্য : এ কলমে কাজ হবে না। /এ কলম দিয়ে কাজ হবে না।

অশুদ্ধবাক্য : এই কলমটিকে দিয়ে ভালো লেখা হয়।
শুদ্ধবাক্য : কলমটি দিয়ে ভালো লেখা হয়।

অশুদ্ধবাক্য : গরুকে দিয়ে শুধু লাঙল না গাড়িও টানা হয়।
শুদ্ধবাক্য : গরু দিয়ে শুধু লাঙল না গাড়িও টানা হয়।

অশুদ্ধবাক্য : সাতভাই যুক্তি করে ইউসুফ ফেলিল কুয়ায়।
শুদ্ধবাক্য : সাতভাই যুক্তি করে ইউসুফকে ফেলিল কুয়ায়।

অশুদ্ধবাক্য : তাদেরকে দিয়ে একাজ করিও না।
শুদ্ধবাক্য : তাদের দিয়ে একাজ করিও না।

অশুদ্ধবাক্য : তোমার কথায় বুকেতে আঘাত পাই।
শুদ্ধবাক্য : তোমার কথায় বুকে আঘাত পাই।

অশুদ্ধবাক্য : গেলাসে করে দুধ দাও।
শুদ্ধবাক্য : গেলাসে দুধ দাও।

অশুদ্ধবাক্য : ঘড়িকে হাতে দাও।
শুদ্ধবাক্য : ঘড়ি হাতে দাও /ঘড়িটি হাতে দাও।

অশুদ্ধবাক্য : ক্রিয়ার সঙ্গে যেসব বিভক্তি যুক্ত হয় তাকে ক্রিয়াবিভক্তি বলে।
/ক্রিয়ার সঙ্গে যেসব বিভক্তি যুক্ত হয় তাদেরকে ক্রিয়াবিভক্তি বলে।
শুদ্ধবাক্য : ক্রিয়ার সঙ্গে যেসব বিভক্তি যুক্ত হয় তাদের ক্রিয়াবিভক্তি বলে।

**প্রত্যয়ের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

অশুদ্ধবাক্য : এতটুকু মেয়ে কলেজ পড়ে
শুদ্ধবাক্য : এতটুকু মেয়ে কলেজে পড়ে।

অশুদ্ধবাক্য : তবলাওয়ালা ভালোই তবলা বাজায়।
শুদ্ধবাক্য : তবলচি /তবলাবাদক ভালোই তবলা বাজায়।

অশুদ্ধবাক্য : দারিদ্র কবি কাজী নজরুল ইসলামকে মহান করেছে।
শুদ্ধবাক্য : দারিদ্র্য কবি কাজী নজরুল ইসলামকে মহান করেছে।

অশুদ্ধবাক্য : বিকার লোক যে কোন সময় ক্ষতি করতে পারে।
শুদ্ধবাক্য : বিকৃত লোক যে কোন সময় ক্ষতি করতে পারে।

অশুদ্ধবাক্য : এটি দল কোন্দল।
শুদ্ধবাক্য : এটি দলীয় কোন্দল।

**উপসর্গের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

অশুদ্ধবাক্য : ফুল দিয়ে তাঁকে সুস্বাগতম জানানো সবার কর্তব্য।
শুদ্ধবাক্য : ফুল দিয়ে তাঁকে স্বাগতম জানানো সবার কর্তব্য।

অশুদ্ধবাক্য : শিক্ষা উপ-পরিচাল ও সহ-উপ পরিচালক আজ এই স্কুলে আসবেন।
শুদ্ধবাক্য : শিক্ষা উপপরিচালক ও সহউপপরিচালক আজ এই স্কুলে আসবেন।

অশুদ্ধবাক্য : অক্লান্তি হীনভাবে প্রজন্ম চত্বরে সমায়েত হচ্ছে।
শুদ্ধবাক্য : ক্লান্তি হীনভাবে প্রজন্ম চত্বরে সমায়েত হচ্ছে।

অশুদ্ধবাক্য : তিনি নামকরা একটি দৈনিক পত্রিকায় সহ-সম্পাদক হিসেবে কর্মরত আছেন।
শুদ্ধবাক্য : তিনি নামকরা একটি দৈনিক পত্রিকায় সহ-সম্পাদক হিসেবে কর্মরত আছেন।

**চিহ্নের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

১. সংস্কৃতিতে বিশেষণ ও বিশেষ্য দুটিকেই চিহ্নের আওতায় আনা হয়। যেমনঃ নর—সুন্দর বালক আর নারী—সুন্দরী বালিকা কিন্তু বাংলাতে বিশেষণকে ঠিক রেখে শুধু বিশেষ্যকে নর বা নারী প্রকাশ করা হয়। অর্থাৎ বাংলায় বিশেষণকে নারী বাচক করার দরকার হয় না।
যেমনঃ সুন্দর বালক ও সুন্দর বালিকা।

২. সংস্কৃতিতে দুটি বিশেষ্যকেই চিহ্নের আওতায় আনা হয়। যেমনঃ মেয়েটি পাগলি, আসমা অস্থিরা কিন্তু বাংলাতে দুটি বিশেষ্যের একটিকে নারিচিহ্নের আওতায় আনা হয়।
যেমনঃ মেয়েটি পাগল, আসমা অস্থিরা ইত্যাদি।

৩. সংস্কৃতিতে ঈ বা ইনি বা নী প্রত্যয়ই একসঙ্গে বসে কিন্তু বাংলায় বসে না। যেমনঃ অভাগা—অভাগী—অভাগিনী, ননদ—ননদী—ননদিনী, কাঙাল—কাঙালী—কাঙালিনী, গোয়াল—গোয়ালী—গোয়ালিনী কিন্তু বাংলায় অভাগী, ননদী, মায়াবী, কাঙালী, গোয়ালী, বাঘিনী। তবে ক্লীববাচক শব্দে নী প্রত্যয় যুক্ত করে নারী বাচক শব্দ তৈরি করতে হয়।
যেমনঃ মেধাবিনী, দুখিনী, যোগিনী, মায়াবিনী ইত্যাদি।

৪. সংস্কৃতিতে ক্ষুদ্রার্থবাচক কিছু ক্লীববাচক শব্দকে নর বা নারী বাচক করা যায় যা বাংলাতে সঠিক নয়।
যেমনঃ নাটক—নাটিকা, উপন্যাস—উপন্যাসিকা, পুস্তক—পুস্তিকা, গীতি—গীতিকা ইত্যাদি।

৫. বাক্য দেখে নির্ণয় করতে হয় কোনটি নর আর কোনটি নারী বাচক শব্দ।
যেমনঃ গরু গাড়ি টানে। গরু দুধ দেয়। সে/তিনি গর্ভবতী, সে কৃষিকাজ করে।

অশুদ্ধবাক্য : রহিমা খুব সুন্দরী।
শুদ্ধবাক্য : রহিমা খুব সুন্দর।

অশুদ্ধবাক্য : তার মা খুব মহান নেতা ছিলেন।
শুদ্ধবাক্য : তার মা খুব মহিয়সী নেতা ছিলেন।

অশুদ্ধবাক্য : সেলিনা হোসেন একজন বিদ্বান লেখিকা।
শুদ্ধবাক্য : সেলিনা হোসেন একজন বিদ্বান লেখক। /সেলিনা হোসেন একজন বিদুষী লেখিকা।

**পক্ষের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**
প্রথমপক্ষ যদি অন্যপক্ষের সঙ্গে একই বাক্যে ব্যবহৃত হয় তাহলে ক্রিয়া প্রথমপক্ষ অনুসারে হয়। একশেষ হলে নিয়ম অনুসারে প্রথমে সে, তুমি ও আমি বসে আর ক্রিয়া প্রথমপক্ষ অনুসারে হয়।

অশুদ্ধবাক্য : আমি অর্থাৎ হাসান জেনে শুনে ভুল করি না।
শুদ্ধবাক্য : আমি অর্থাৎ হাসান জেনে শুনে ভুল করে না।

অশুদ্ধবাক্য : এ ব্যাপারে আমার অর্থাৎ হাসানের ভুল হবে না।
শুদ্ধবাক্য : এ ব্যাপারে আমার অর্থাৎ হাসানের ভুল হয় না।

অশুদ্ধবাক্য : আপনি বা হুজুর যদি বলেন, তাহলে (আমি) যাই।
শুদ্ধবাক্য : আপনি বা হুজুর যদি বলেন, তাহলে (আমি) যাব।

অশুদ্ধবাক্য : আমি, সে আর তুমি কাজটি করব।
শুদ্ধবাক্য : সে, তুমি আর আমি কাজটি করব।

**কারকের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**
বস্তুর প্রাণিবাচক শব্দে 'কে' বসে না। ব্যক্তির নামের সঙ্গেও 'কে' বসে না।

অশুদ্ধবাক্য : সাপুড়ে সাপকে খেলায়।
শুদ্ধবাক্য : সাপুড়ে সাপ খেলায়।

অশুদ্ধবাক্য : পাহাড়কে নাড়ায় সাধ্য কার।
শুদ্ধবাক্য : পাহাড় নাড়ায় সাধ্য কার।

অশুদ্ধবাক্য : আপনি তো ছুরিতে মানুষ মারেন।
শুদ্ধবাক্য : আপনি তো ছুরি দিয়ে মানুষ মারেন।

অশুদ্ধবাক্য : ধর্মের কল বাতাসেতে নড়ে।
শুদ্ধবাক্য : ধর্মের কল বাতাসে নড়ে।

অশুদ্ধবাক্য : আপনি তো গরিবদেরকে সাহায্য করেন না।
শুদ্ধবাক্য : আপনি তো গরিবদের সাহায্য করেন না। /আপনি তো গরিবকে সাহায্য করেন না।

অশুদ্ধবাক্য : একসময় আমের কাননে মিটিং বসেছিল।
শুদ্ধবাক্য : একসময় আম্রকাননে মিটিং বসেছিল। /একসময় আমের বাগানে মিটিং বসেছিল।

**বিপরীত শব্দের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**
অশুদ্ধবাক্য : লোকটি কায়দায় নাই।
শুদ্ধবাক্য : লোকটি বেকায়দায় আছে।

অশুদ্ধবাক্য : লোকজন তার প্রতিকূলে নাই।
শুদ্ধবাক্য : লোকজন তার অনুকূলে নাই।

**সমোচ্চারিত শব্দের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**
উচ্চারণের দিক থেকে এক হলেও অর্থের দিক থেকে ভিন্ন। বাক্যের অর্থ ঠিক রাখতে সমার্থক শব্দের সঠিক ব্যবহার জরুরি।

অশুদ্ধবাক্য : তাড়া আমরাতলায় বসে আমরা খাওয়ার সময় মালির তারা খেয়েছে।
শুদ্ধবাক্য : তারা আমড়াতলায় বসে আমড়া খাওয়ার সময় মালির তাড়া খেয়েছে।

অশুদ্ধবাক্য : সে ভুড়ি ভুড়ি খেয়ে ভুরিটি বাড়িয়েছে।
শুদ্ধবাক্য : সে ভুরি ভুরি খেয়ে ভুঁড়িটি বাড়িয়েছে।

**প্রবাদের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**
১. অশুদ্ধবাক্য : স্বল্প বিদ্যা ভয়ংকরী।
শুদ্ধবাক্য : অল্প বিদ্যা ভয়ংকরী।

২. অশুদ্ধবাক্য : আমি বাঁচলে বাপের নাম।
শুদ্ধবাক্য : আপনি বাঁচলে বাপের নাম।

৩. অশুদ্ধবাক্য : অনেক সন্ন্যাসিতে গাজন নষ্ট।
শুদ্ধবাক্য : অধিক সন্ন্যাসিতে গাজন নষ্ট।

৪. অশুদ্ধবাক্য : বেশি চালাকের গলায় দড়ি।
শুদ্ধবাক্য : অতি চালাকের গলায় দড়ি।

**বাগধারার মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**
১. অশুদ্ধবাক্য : পরীক্ষায় নকল করাও নদী চুরি।
শুদ্ধবাক্য : পরীক্ষায় নকল করাও পুকুর চুরি।

২. অশুদ্ধবাক্য : এমন লেখাপড়া করলে পরীক্ষায় মুরগির ডিম পাবা।
শুদ্ধবাক্য : এমন লেখাপড়া করলে পরীক্ষায় ঘোড়ার ডিম পাবা।

৩. অশুদ্ধবাক্য : গরুর ঘাস কাটো, পরীক্ষায় ভালো করতে পারলে না।
শুদ্ধবাক্য : ঘোড়ার ঘাস কাটো, পরীক্ষায় ভালো করতে পারলে না।

৪. অশুদ্ধবাক্য : একের লাঠি দশের বোঝা।
শুদ্ধবাক্য : দশের লাঠি একের বোঝা।

৫. অশুদ্ধবাক্য : দশচক্রে ঈশ্বর ভূত।
শুদ্ধবাক্য : দশ চক্রে ভগবান ভূত।

৬. অশুদ্ধবাক্য : উনো ভাতে কুনো বল,ভরা পেটে জগদ্দল।
শুদ্ধবাক্য : উন ভাতে দুনা বল, ভরা পেটে রসাতল।

৭. অশুদ্ধবাক্য : আমি তখনই বলেছিলাম যে কাঙালের কথা দেরিতে ফলে।
শুদ্ধবাক্য : আমি তখনই বলেছিলাম যে কাঙালের কথা বাসি হলে ফলে।

৮. অশুদ্ধবাক্য : করিম স্বচ্ছ জলে মাছ শিকার করতে চায়।
শুদ্ধবাক্য : করিম ঘোলা জলে মাছ শিকার করতে চায়।

৯. অশুদ্ধবাক্য : কথায় বলে মোটা বাঁশ ঘুন ধরে।
শুদ্ধবাক্য : কথায় বলে কাঁচা বাঁশ ঘুন ধরে।

১০. অশুদ্ধবাক্য : সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।
শুদ্ধবাক্য : সারা জীবন ভূতের বেগার খেটে মরলাম।

১১. অশুদ্ধবাক্য : মনে রেখো,এক পৌষে শীত যায় না।
শুদ্ধবাক্য : মনে রেখো, এক মাঘে শীত যায় না।

**শব্দদ্বিত্বের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

শব্দদ্বিত্ব কোন সময় একবচন আবার কোন সময় বহুবচন প্রকাশ পায়। এরা আলাদা বসে আবার হাইফেনযুক্ত হয়ে বা একশব্দেও বসতে পারে। তাই বাক্যে ব্যবহারের সময় এদিকটি খেয়াল রাখতে হয়।

অশুদ্ধবাক্য : ঘামজলে তার শার্ট ভিজে গেছে।
শুদ্ধবাক্য : ঘামে তার শার্ট ভিজে গেছে।

অশুদ্ধবাক্য : অশ্রুজলে তার কপল ভিজে গেছে।
শুদ্ধবাক্য : অশ্রুতে তার কপল ভিজে গেছে।

অশুদ্ধবাক্য : ঘরটি ছিমছিমে অন্ধকার।
শুদ্ধবাক্য : ঘরটি ঘুটঘুটে অন্ধকার।

**বাক্যের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

সার্থক বাক্যে গুণরক্ষা করে বাক্য বানাতে হয়। বাক্যের অর্থ ঠিক না থাকলে বাক্য গুণহীন হয়ে যায়। আবার যতির ভুল ব্যবহারের কারণেও বাক্যের অর্থের হেরফের হয়ে যায়।

অশুদ্ধবাক্য : পরবর্তীতে আপনি আসবেন।
শুদ্ধবাক্য : পরবর্তিকালে /পরবর্তী সময়ে আপনি আসবেন।

অশুদ্ধবাক্য : সকল দৈন্যতা দূর হয়ে যাক।
শুদ্ধবাক্য : সকল দৈন্য দূর হয়ে যাক। সকল দীনতা দূর হয়ে যাক।

অশুদ্ধবাক্য : সেখানে গেলে তুমি অপমান হবে।
শুদ্ধবাক্য : সেখানে গেলে তুমি অপমানিত হবে।

অশুদ্ধবাক্য : আমি অপমান হয়েছি।
শুদ্ধবাক্য : আমি অপমানিত হয়েছি।

অশুদ্ধবাক্য : সূর্য উদয় হয়নি।
শুদ্ধবাক্য : সূর্য উদিত হয়নি।

অশুদ্ধবাক্য : সত্য প্রমাণ হোক।
শুদ্ধবাক্য : সত্য প্রমাণিত হোক।

অশুদ্ধবাক্য : তার কথার মাধুর্যতা নাই।
শুদ্ধবাক্য : তার কথার মাধুর্য/মধুরতা নাই।

অশুদ্ধবাক্য : রাধা দেখতে খুব সুন্দরী ছিল।
শুদ্ধবাক্য : রাধা দেখতে খুব সুন্দর ছিল।

অশুদ্ধবাক্য : এটি অপক্ক হাতের কাজ।
শুদ্ধবাক্য : এটি অপটু হাতের কাজ।

অশুদ্ধবাক্য : স্বল্পবিদ্যা ভয়ংকরী।
শুদ্ধবাক্য : অল্পবিদ্যা ভয়ংকরী।

অশুদ্ধবাক্য : অভাবে চরিত্র নষ্ট।
শুদ্ধবাক্য : অভাবে স্বভাব নষ্ট।

অশুদ্ধবাক্য : বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
শুদ্ধবাক্য : বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

অশুদ্ধবাক্য : অল্পদিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।
শুদ্ধবাক্য : অল্পদিনের মধ্যে তিনি আরোগ্য লাভ করলেন।

অশুদ্ধবাক্য : সৎ চরিত্রবান লোক সবার কাছে প্রিয়।
শুদ্ধবাক্য : চরিত্রবান লোক সবার কাছে প্রিয়।

অশুদ্ধবাক্য : মাতাহীন শিশুর অনেক দুঃখ।
শুদ্ধবাক্য : মাতৃহীন শিশুর অনেক দুঃখ।

অশুদ্ধবাক্য : মিলাদে গোলাপজলের পানি ছিটাও।
শুদ্ধবাক্য : মিলাদে গোলাপজল ছিটাও।

অশুদ্ধবাক্য : বইটি তার জরুরি প্রয়োজন।
শুদ্ধবাক্য : বইটি তার (খুব) প্রয়োজন।

অশুদ্ধবাক্য : সবাই বাবা-মার সুস্বাস্থ্য কামনা করে।
শুদ্ধবাক্য : সবাই বাবা-মার সুস্থতা কামনা করে।

অশুদ্ধবাক্য : ছেলেটি শুধুমাত্র /কেবলমাত্র ১০টি টাকার জন্য মারামারি করল।
শুদ্ধবাক্য : ছেলেটি শুধু /মাত্র /কেবল ১০টি টাকার জন্য মারামারি করল।

অশুদ্ধবাক্য : ৫ বছর সময়কাল ধরে তারা জনগনকে সেবা দিতে ব্যর্থ হচ্ছে।
শুদ্ধবাক্য : ৫ বছর ধরে তারা জনগনকে সেবা দিতে ব্যর্থ হচ্ছে।

অশুদ্ধবাক্য : ভারত ব্রিটিশদের অধীনস্থ ছিল বলেই তারা যুদ্ধ করেছিল।
শুদ্ধবাক্য : ভারত ব্রিটিশদের অধীনে ছিল বলেই তারা যুদ্ধ করেছিল।

অশুদ্ধবাক্য : আপনারাই প্রথম তাদেরকে সুস্বাগতম জানালেন।
শুদ্ধবাক্য : আপনারাই প্রথম তাদের স্বাগত জানালেন।

**ভুল শব্দ ব্যবহারের মাধ্যমে ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগঃ**

১. অশুদ্ধবাক্য : পরবর্তীতে আপনি আসবেন।
শুদ্ধবাক্য : পরবর্তিকালে /পরবর্তী সময়ে আপনি আসবেন।

২. অশুদ্ধবাক্য : আমি অপমান হয়েছি।
শুদ্ধবাক্য : আমি অপমানিত হয়েছি।

৩. অশুদ্ধবাক্য : সূর্য উদয় হয়নি।
শুদ্ধবাক্য : সূর্য উদিত হয়নি।

৪. অশুদ্ধবাক্য : সত্য প্রমাণ হোক।
শুদ্ধবাক্য : সত্য প্রমাণিত হোক।

৬. অশুদ্ধবাক্য : তার কথার মাধুর্যতা নাই।
শুদ্ধবাক্য : তার কথার মাধুর্য/মধুরতা নাই।

৫. অশুদ্ধবাক্য : রাধা দেখতে খুব সুন্দরী ছিল।
শুদ্ধবাক্য : রাধা দেখতে খুব সুন্দর ছিল।

৬. অশুদ্ধবাক্য : এটি অপক্ক হাতের কাজ।
শুদ্ধবাক্য : এটি অপটু হাতের কাজ।

